

দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ৩ ... কলার ...

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের জরিপ

নূতন বই না পাওয়ায় ৯২ ভাগ ছাত্র-ছাত্রীর পড়াশুনায় ক্ষতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার II চুক্তি বৎসর সারাদেশে মাধ্যমিক বিদ্যালয়গুলির ৯২ ভাগ ছাত্র-ছাত্রীর পড়াশুনার ক্ষতি হইতেছে। নূতন বই ক্রয় করিতে না পারায় তাহারা ক্ষতির সম্মুখীন হইতেছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) এক জরিপে এই তথ্য পাওয়া গিয়াছে।

গত বৃহস্পতিবার রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে টিআইবির জরিপ রিপোর্ট প্রকাশ করা হয়। ২১টি জেলার ২৭টি থানার ৫৩টি মাধ্যমিক বিদ্যালয়ের ৬৩৬ জন ছাত্র-ছাত্রী ও ৫৩ জন

প্রধান শিক্ষকের উপর জরিপ চালানো হয়। নূতন বইয়ের প্রাপ্যতা, নূতন বই ছাড়াই ক্লাস, নূতন বইয়ের ধরন, ভুলের পরিমাণ, সময়মত পরীক্ষা গ্রহণ এবং নূতন বই কিনিতে না পারায় ছাত্র-ছাত্রীদের প্রকৃত ক্ষতির ব্যাপারে জরিপ চালানো হয়। ১৬ ভাগ ছাত্র-ছাত্রী বলিয়াছে, বোর্ডের নূতন কোন বই তাহারা কিনিতে পারে নাই। ৭৫ ভাগ ছাত্র-ছাত্রীর পার্শ্বের দোকানে এইসব বই ছিল না। ৭৮ ভাগ ছাত্র-ছাত্রী পুরাতন বই দিয়া ক্লাস শুরু করা হইতেছে বলিয়া জানায়। তন্মধ্যে ২০ ভাগ (১৩শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)

নূতন বই না পাওয়ায়

(৩য় পৃঃ পর)

ছাত্র-ছাত্রী বলিয়াছে, ক্লাস হইতেছে না। ৯২ ভাগ ছাত্র-ছাত্রী বলিয়াছে, নূতন বই কিনিতে না পারায় তাহাদের ব্যাপক ক্ষতি হইতেছে। ৬ষ্ঠ হইতে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬৬ লক্ষ ৯৩ হাজার ৩৫৪। তাহাদের পুস্তক ক্রয়ের বাজেট প্রায় ৬৭ কোটি টাকা। কোন কোন দোকানে ৪ বার করিয়া খোঁজ নিয়া দেখা গিয়াছে, তাহাদের বই আসে নাই। ৬ষ্ঠ শ্রেণী হইতে ৮ম শ্রেণীর ছাত্রছাত্রীদের ৯৮ টাকা বাড়তি খরচ করিয়া বই সংগ্রহের চেষ্টা করিতে হয়। তন্মধ্যে ভাড়া বাবদ ২২ টাকা, নোট বই খরচ বাবদ ৩৪ টাকা ও ৭টি বোর্ডের বই কিনিতে ৪২ টাকার বেশি খরচ হইয়াছে। আর নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বই কিনিতে ১২২ টাকার গর্ত বেশি খরচ হয়।